দৈনিক সংবাদ

তারিখ 09 SEP 1998
পৃষ্ঠা ৭ কলাম ৫

১০৭

# দশ হাজার শিক্ষা প্রতিষ্ঠান বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে

## ❑ শিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক সমীক্ষা

দেশজুড়ে ভয়াবহ বন্যায় কমপক্ষে ১০ হাজার শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোগত ক্ষতির পরিমাণ ৬শ' ৫০ কোটি টাকা। শিক্ষা প্রতিষ্ঠানগুলোর বন্যাজনিত এই ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠার জন্যে সরকার দাতা দেশ ও উন্নয়ন সংস্থাগুলোর কাছে ৩শ' ৪০ কোটি টাকার জরুরি সাহায্য চেয়েছে। খবর বাসসর।

শিক্ষা মন্ত্রণালয় পরিচালিত প্রাথমিক সমীক্ষায় দেখা গেছে বন্যার কারণে দেশের ৮ হাজার প্রাথমিক বিদ্যালয় এবং ১ হাজার ৭শ' ৫৮টি মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসা ক্ষতিগ্রস্ত হয়েছে। ৩ হাজার প্রাথমিক বিদ্যালয় সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং বাকি ৫ হাজারের আংশিক ক্ষতি হয়েছে।

জেলা শিক্ষা অফিসগুলো থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রাথমিক এ হিসাব করা হয়েছে। বন্যার পানি নেমে যাওয়ার পর ক্ষয়ক্ষতির পুরো হিসাব পাওয়া যাবে।